

এসআরপিভি'র রিজিওনাল অফিসের (চকরিয়া) কার্যক্রম পরিদর্শন এবং এইএম'র অর্থায়নে সংস্থার “প্রদীপালয়” বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে উপহার বিতরণ অনুষ্ঠান।

তারিখঃ ২৯/০৮/২০২০

কক্সবাজারের চকরিয়া উপজেলায় এনজিও সংস্থা এসএআরপিভি'র রিজিওনাল অফিস এর কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেছেন চকরিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) জনাব সৈয়দ সামসুল তাবরীজ এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নারী প্রক্টর অধ্যাপক মরিয়ম লিজা। বিগত ২৮/০৭/২০২০ মঙ্গলবার এসএআরপিভি কার্যালয়ে পৌঁছলে তাদেরকে স্বাগত জানান সংস্থার রিজিওনাল ডিরেক্টর জনাব কাজী মাকসুদুল হক (মুহিত)।



১) ছবিঃ ত্রান বিতরণ করছেন ইউএনও জনাব সৈয়দ সামসুল তাবরীজ, চবির অধ্যাপক মরিয়ম লিজা এবং রিজিওনাল ডিরেক্টর জনাব কাজী মাকসুদুল হক (মুহিত)।

পরিদর্শনের শুরুতে ইউএনও জনাব সৈয়দ সামসুল তাবরীজ এবং চবির অধ্যাপক মরিয়ম লিজা সংস্থার রিজিওনাল কার্যালয়ের প্রতিবন্ধীদের এবং জনসাধারণের কল্যাণের জন্য নিবেদিত প্রতিষ্ঠানটির চলমান বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। এসময় তারা এসএআরপিভি'র

প্রশ্ঠেটিক সেন্টারের প্রতিবন্ধীদের জন্য কৃত্রিম পা, হুইলচেয়ার এবং ক্র্যাচ বানানোর কার্যক্রম পরিদর্শন করেন। পরবর্তিতে দাতা সংস্থা এইএম এর অর্থায়নে সংস্থার দ্বারা পরিচালিত “প্রদীপালয়” বিদ্যালয়ের ২৫০ জন উপকারভুগীদের মধ্যে ত্রান সামগ্রী বিতরণ করেন। উপকারভুগী প্রত্যেকে ৮ কেজি চাল, ১ কেজি ডাল, ২ লিটার তেল, ৪টি সাবান এবং ৪টি করে ফেস মাস্ক পান।



২) ছবিঃ উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব সৈয়দ সামসুল তাবরীজ এবং চবির প্রক্টর অধ্যাপক মরিয়ম লিজা সংস্থার প্রশ্ঠেটিক সেন্টার পরিদর্শন করছেন।



### ৩) ছবিঃ অনুষ্ঠানে উপস্থিতির একাংশ।

রিজিওনাল ডিরেক্টর জনাব কাজী মাকসুদুল হক (মুহিত) এর সভাপতিত্বে এই উপহার সামগ্রী বিতরণ অনুষ্ঠিত হয় যার প্রধান অতিথি ছিলেন চকরিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) জনাব সৈয়দ সামসুল তাবরীজ। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নারী প্রক্টর অধ্যাপক মরিয়ম লিজা। এ ছাড়াও উপস্থিত ছিলেন স্থানীয় ৪নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব জাফর আলম কালু, প্রদিপালয়ের স্কুলের প্রধান শিক্ষক জনাব আহমেদ কবির, সংস্থার বিভিন্ন বিভাগের কর্মকর্তা-কর্মচারী, স্কুলের শিক্ষকমন্ডলী এবং অন্যান্য।



৩) ছবিঃ সৌজন্য বক্তব্য দিচ্ছেন চকরিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) জনাব সৈয়দ সামসুল তাবরীজ।